

ESTD. - 2003

LIFE FRONT OF HUMAN RIGHTS

A society in pursuit of freedom & joy of life.

Regd. No. - S/1L/59288/09

Email-life front @ indiatimes. com.


Regd. & Head office :

ANDUL PURBAPARA, ANDUL-MOURI, P.S. - SANKRAIL
HOWRAH - 711302 (W.B.)

Ref. No. 0/GS/33/12

Date..... 17.04.2012

মাননীয়,
পরিবেশ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী
মহাকরন ভবন
কলকাতা - ১



বিষয় :- বে-আইনি ভাবে কোন পুকুর ও জলাশয় ভরাট করা যাবে না
প্রয়োজনে উপযুক্ত আইনত ব্যবস্থা গ্রহণের আবেদন পত্র।

মহাশয়,

এতদ্বারা আপনাকে অবগত করা হইতেছে যে, হাওড়া জেলা সহ রাজ্যের সমস্ত জেলায় মহামান্য হাইকোর্ট-এর নির্দেশ অমান্য করে বে-আইনি ভাবে যত্রতত্র পুকুর ও জলাশয় ভরাট করে চলছে বহুতল আবাসন নির্মাণের কাজ এবং এই কার্য পঞ্চায়ত, বি.ডি.ও, জেলা পরিষদ সহ ডি.এম ও প্রশাসনের মদতে করছে সুবিধেবাদী কিছু প্রমোটার। জলাশয় ভরাট আইনত দণ্ডনীয় অপরাধ জেনেও মুখ বন্ধ করে, চোখ বন্ধ রেখে আবাসন করার অনুমতি দিচ্ছেন ও প্ল্যান পাশ করাচ্ছেন উক্ত দপ্তরের দায়িত্বে থাকা ভারপ্রাপ্ত অফিসাররা। তাহারা সব কিছু বে-আইনি জেনেও না জানার ভান করে থাকেন। অভিযোগ জমা পরলে বিশেষ কিছু ক্ষেত্রে উক্ত দপ্তরগুলি নোটিশ দিয়ে ডাকেন বা কিছু জরিমানা করেন কিন্তু যে সমস্ত ব্যক্তি আইনকে বুড়ো আঙ্গুল দেখিয়ে রমরমিয়ে বে-আইনি কার্য-কলাপ করছেন তাহাদের বিরুদ্ধে থানায় জামিন অযোগ্য ধারায় মামলা দায়ের করছেন না। যে বহুতল আবাসন গুলি হচ্ছে তাহা জেলাপরিষদের বা দমকল দপ্তরে আইন মোতাবেক নিয়ম মেনে করছেন না প্রমোটার গন। ঠিকমত জমি ছাড় দিয়ে বহুতল আবাসনগুলি তৈরী হচ্ছে না, সেই সঙ্গে ঐ আবাসন সংলগ্ন গভীর নলকূপ বসানোর আইনি অনুমোদন না নিয়েই ভূ-গর্ভস্থ জলের যথেষ্ট ব্যবহার বেড়েই চলেছে সেই দিকে লক্ষ্য রাখছেন না পঞ্চায়ত, বি.ডি.ও সহ জেলা পরিষদও। বহুতল আবাসন নির্মাণ করা হয় যে সমস্ত সামগ্রী দিয়ে তাহা ঠিকমত পরীক্ষা করে দেখা হয় না ফলে যে কোন সময় আবাসন ভাঙিয়া বড়সড় দুর্ঘটনা ঘটানোর আশঙ্কা থেকেই যায় এবং আরো বড় আশঙ্কা থেকে যায় অগ্নি সংযোগ ঘটলে অগ্নি নিবারণের ব্যবস্থা জন্য যে দমকল গাড়ি আসবে তাহা রাখার জায়গা নেই কোন ভাবেই মিলবে না বড় পুকুর ও জলাশয়।

Mob. : 9831188739

ESTD. - 2003

LIFE FRONT OF HUMAN RIGHTS



A society in pursuit of freedom & joy of life.

Regd. No. - S/1L/59288/09

Email-life front @ indiatimes. com.

Regd. & Head office :

ANDUL PURBAPARA, ANDUL-MOURI, P.S. - SANKRAIL
HOWRAH - 711302 (W.B.)

Ref. No.

Date.....20

(২)

অতএব, যত শীঘ্রই সম্ভব উক্ত দপ্তরগুলির ভারপ্রাপ্ত অফিসারদের, ঐ সমস্ত ব্যক্তিদের বিরুদ্ধে আইনত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেওয়া হউক যাহারা পুকুর ও জলাশয় ভরাট করে আইনকে তুচ্ছ ভাবে বে-আইনি ভাবে নির্মান কাজ চালাচ্ছেন, এবং তৎসহ এই ব্যাপারে প্রশাসনকেও বিশেষ গুরুত্ব সহকারে সক্রিয় ভূমিকা গ্রহণের জন্য নির্দেশ দেওয়া হউক। এই ব্যাপারে আমরা আপনাদের ও প্রশাসনের সহিত সম্পূর্ণ সহযোগিতা করছি - করব। আপনি যদি এই উক্ত বিষয় বিবেচনা করে সঠিক সিদ্ধান্ত নেন ও আমাদের পূর্ণ সহযোগিতা করে আপনি উক্ত বিষয় কি ব্যবস্থা গ্রহণ করিলেন তাহা দয়া পূর্বক আমাদের দপ্তরকে জানান তাহা হইলে আপনার কাছে সংগঠনের পক্ষ হইতে আমি বাধিত থাকিব।



বিঃদ্র - বে-আইনি ভাবে কোন পুকুর ও জলাশয় ভরাট করার বিরুদ্ধে হাওড়া জেলার সাঁকরাইল থানার অধীনে আন্দুল গ্রাম পঞ্চায়েত প্রধানকে দেওয়া আবেদন পত্রের জেরক্স কপি এই পত্রের সহিত পাঠাইলাম।